

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৪৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি জনমানবহীন মরু প্রান্তরে সালাতের শর্ত-শরায়েতসহ সালাত আদায় করে, মসজিদে সালাত আদায় করার চেয়ে পঞ্চাশ গুণ বেশি সাওয়াব প্রদান করা প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ تَضْعِيفِ صَلَاةِ الْمُصلِّي إِذَا صَلَّاهَا بِأَرْضِ قِيّ بِشَرَائِطِهَا عَلَى صَلَاتِهِ فِي الْمَسَاجِدِ

আরবী

1746 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى أَبُو يعلى حدثنا أبو بكر ابن أبي شَيْبَةَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ حَدَّثَنَا هِلَالُ بْنُ مَيْمُونٍ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ عَنْ أبي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلَاةُ الرَّجُلِ فِي جَمَاعَةٍ تَزِيدُ عَلَى صَلَاتِهِ وَحْدَهُ بِخَمْسٍ وَعِشْرِينَ دَرَجَةً فَإِنْ صَلَّاهَا بِأَرْضِ قِيٍّ فَأَتَمَّ وُضُوءَهَا وركوعها وسجودها تكتب صلاته بخمسين درجة)

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1746 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (569): خ الشطر الأول، وسيأتى (2053).

বাংলা

১৭৪৬. আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তারা বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "কোন ব্যক্তির একাকী সালাত আদায় করার চেয়ে জামা'আতে সালাত আদায় করার মর্যাদা পচিশগুণ বেশি। যদি সে জনমানবহীন মরু প্রান্তরে সালাত আদায় করে, অতঃপর পরিপূর্ণভাবে ওয়ু করে, রুকু' ও সাজদা করে, তাহলে তার সালাতের পঞ্চাশ গুণ বেশি মর্যাদা লিপিবদ্ধ করা হয়।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ১০১১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৭৯; আবূ দাউদ: ৫৬০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৮৮; হাকিম: ১/২০৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ : ৫৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন